বার্ষিক প্রতিবেদন

অর্থবছরঃ ২০১৪-১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
জাতীয় সঞ্চয় অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।

মুখবন্ধ

ক্ষুদ্র ও বিক্ষিপ্ত সঞ্চয় আহরণ, পুঁজিগঠন ও বিনিয়োগ সৃষ্টি, আয় ও উৎপাদন বৃদ্ধি, মুদ্রাস্ফীতি রোধ, অতিরিক্ত করারোপের সম্ভাবনা হ্রাস এবং সর্বোপরি বৈদেশিক ঋণের উপর নির্ভরশীলতা কমানোর উদ্দেশ্যকে সামনে রেখে জাতীয় সঞ্চয় অধিদপ্তর 2014-2015 সনে বিভিন্ন সঞ্চয় স্কিমের মাধ্যমে অভ্যন্তরীণ সম্পদ আহরণের কার্যক্রম গ্রহণ করে। বিগত বছরের অভিজ্ঞতার আলোকে স্কিমসমূহের মুনাফার হার পুন: নির্ধারণ করা হয়। অনেক প্রতিকূলতা ও সীমাবদ্ধতার মাঝেও 2014-2015 অর্থ বছরে সম্পদ আহরণের পরিমাণ ছিল যথেষ্ট উল্লেখযোগ্য। মোট 34,780.০০ (চৌত্রিশ হাজার সাতশত আশি) কোটি টাকা লক্ষ্যমাত্রার বিপরীতে বিনিয়োগ অর্জিত হয়েছে 42,659.78 (বিয়াল্লিশ হাজার ছয়শত উনষাট কোটি আটাত্তর লক্ষ) টাকা। অর্জিত বিনিয়োগের শতকরা হার 123।

০২। বিগত বছরগুলোতে অভ্যন্তরীণ সম্পদ আহরণের পরিমাণ উল্লেখযোগ্য পরিমাণে বৃদ্ধি পেলেও উন্নত এবং উন্নয়নশীল প্রতিবেশী দেশগুলোর তুলনায় বাংলাদেশের অভ্যন্তরীণ সম্পদের সংগ্রহ আশানুরূপ বৃদ্ধি পায়নি। অর্থনৈতিক উন্নয়নের জন্য জাতীয় সঞ্চয় অধিদপ্তর দেশের প্রতিটি মানুষকে সঞ্চয়ে উদ্বুদ্ধ করে একটি সঞ্চয়ী জাতি হিসাবে গড়ে তোলার জন্য নিরলসভাবে কাজ করে যাচ্ছে।

০৩। বর্তমান প্রতিবেদনে জাতীয় সঞ্চয় অধিদপ্তরের 2014-2015 সনের কার্যাবলীর বিবরণ, পরিসংখ্যান, সঞ্চয় আহরণে বিভিন্ন সমস্যা ও সমাধান ইত্যাদি বিষয়ে আলোচনা করা হয়েছে। প্রতিবেদনে সংগৃহীত পরিসংখ্যান, তথ্য ও উপাত্তসমূহ ভবিষ্যতে গবেষণা, পরিকল্পনা ও সিদ্ধান্ত গ্রহণে সহায়ক হতে পারে। প্রতিবেদনটি সকল পাঠকের কাছে সমাদৃত হবে বলে আশা করছি।

০৪। সঞ্চয় আহরণের ক্ষেত্রে দিক-নির্দেশনা ও উপদেশ প্রদানের জন্য অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ ও অভ্যন্তরীণ সম্পদ বিভাগের নিকট কৃতজ্ঞ। প্রতিবেদনে তথ্য ও পরিসংখ্যান সরবরাহ করে সহযোগিতা করার জন্য বাংলাদেশ ব্যাংক ও ডাক অধিদপ্তরকে জানাচ্ছি ধন্যবাদ। বিনিয়োগ আহরণ ও প্রকল্প বাস্তবায়নে জাতীয় সঞ্চয় অধিদপ্তরের সকল কর্মকর্তা ও কর্মচারীগণ প্রশংসার দাবীদার। প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশনার ক্ষেত্রে সহযোগিতার জন্য জনাব আয়েজউদ্দিন আহমেদ, পরিচালক (প্রশাসন) এবং জনাব মো: আবু তালেব, পরিচালক (বাজেট) যে তৎপরতা দেখিয়েছেন তাতে আমি বিশেষভাবে অভিভূত।

জাতীয় সঞ্চয় অধিদপ্তর সম্পর্কিতঃ

ক) জাতীয় সঞ্চয় অধিদপ্তরের সংক্ষিপ্ত ইতিহাসঃ

আজকের সঞ্চয় প্রকল্প তথা সঞ্চয়ের অতীত ইতিহাস সম্পর্কে যতদূর জানা যায়, সঞ্চয় ব্যাংকের জনক হিসেবে খ্যাত রেভারেন্ড হেনরি ডানকান ১৮১০ খ্রিষ্টাব্দে স্কটল্যান্ডের এক গীর্জায় প্রথম সঞ্চয় ব্যাংক স্থাপন করেন। ইংল্যান্ডে প্রথম বিশ্বযুদ্ধের ৬৫ বছর পূর্বে ক্ষুদ্র ক্ষুদ্র সঞ্চয়কারীদের সঞ্চয়ে উদ্বুদ্ধ করতে সরকারিভাবে 'জাতীয় সঞ্চয় সংস্থা'আত্মপ্রকাশ করে। বিশ্বযুদ্ধের পর জাতীয় সঞ্চয় সংস্থা ইংল্যান্ডের জাতীয় অর্থনীতিতে গুরুত্বপূর্ণ অবদান রেখেছিল। জনগণকে সঞ্চয়ে উদ্বুদ্ধ করতে এবং ২য় বিশ্বযুদ্ধের কারণে সৃষ্ট মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণের লক্ষ্যে এ উপমহাদেশে ১৯৪৪ সালে ভারতে অর্থ মন্ত্রণালয়ের অধীনে সর্বপ্রথম 'জাতীয় সঞ্চয় সংস্থা' কাজ শুরু করে। এ সংস্থার প্রধান কার্যালয় ভারতের সিমলায় অবস্থিত ছিল। অতঃপর ১৯৪৭ সালে দেশ বিভাগের পর জাতীয় সঞ্চয়ের কার্যক্রম তদানিন্তন সরকারের অর্থ মন্ত্রণালয়ের অধীনে স্থানান্তরিত হয়। রক্তক্ষয়ী সংগ্রামের মাধ্যমে বাংলাদেশ স্বাধীন হওয়ার পর ১৯৭২ সালে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের উদ্যোগে জাতীয় সঞ্চয় পরিদপ্তর প্রতিষ্ঠা লাভ করে। তারপর দীর্ঘ ৪২ বছর পর জাতীয় সঞ্চয় পরিদপ্তর ২০১৪ সালের ফেব্রুয়ারী মাসে অধিদপ্তরে উন্নীত হয়। জাতীয় সঞ্চয় অধিদপ্তর অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগের অধিনস্থ একটি অধিদপ্তর।

খ) জাতীয় সঞ্চয় অধিদপ্তরের উদ্দেশ্যঃ

- জনগণকে সঞ্চয়ে উদ্বুদ্ধ করে বিক্ষিপ্তভাবে ছড়িয়ে থাকা সঞ্চয় জাতীয় সঞ্চয় স্কীমের মাধ্যমে আহরণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন;
- বাজেট ঘাটতিতে অর্থায়ন;
- বৈদেশিক নির্ভরতা হ্রাস ও মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রনে সহায়ক ভূমিকা পালন;
- প্রান্তিক ও বিশেষ জনগোষ্ঠিকে সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় আনয়ন

গ) জাতীয় সঞ্চয় অধিদপ্তরের কার্যক্রমসমূহঃ

- জনগণকে সঞ্চয়ে উদ্বুদ্ধকরণের লক্ষ্যে-
  - বিভিন্ন প্রচারণামূলক কার্যক্রম গ্রহণ;
    - প্রিন্ট মিডিয়া, ইলেকট্রনিক্স মিডিয়ায় বিজ্ঞাপন প্রদান;
    - সঞ্চয় স্কীম সম্পর্কিত লিফলেট, বুকলেট, ফেস্টুন, ব্যানারসহ বিভিন্ন রকমের প্রচারপত্র মুদ্রণ ও বিতরণ;
    - সঞ্চয় অধিদপ্তরের কার্যক্রম সম্পর্কিত "সঞ্চয়" নামক বাৎসরিক ম্যাগাজিন প্রকাশ;
    - ডিপ্লোমেটিক ব্যাগে বিদেশে বাংলাদেশী দূতাবাসের মাধ্যমে NRB বন্ডের প্রচারপত্র প্রেরণ ও বিতরণ
  - সারাদেশের ৬৪ জেলায় জেলা সঞ্চয় অফিসের মাধ্যমে প্রতিবছর সঞ্চয় সপ্তাহ পালন
- মুদ্রণ, সংরক্ষণ এবং বিতরণ-
  - সঞ্চয়পত্র, সঞ্চয় বন্ডসমূহের স্ক্রীপ, ফরম, সংশ্লিষ্ট রেজিষ্টার, বিক্রয় বিবরণী, ভাংগানো বিবরণী, মুনাফা কুপন প্যাড ইত্যাদি মুদ্রণ, সংরক্ষণ এবং ব্যাংক, ডাকঘর ও সঞ্চয় ব্যুরোসমূহের মাঝে বিতরণ;
- কর্মকর্তা সম্মেলন ও প্রশিক্ষণ কার্যক্রম-
  - নির্ধারিত বিনিয়োগ লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত সকল বিভাগীয় কার্যালয়ের মাধ্যমে বিভাগীয় কর্মকর্তা সম্মেলন আয়োজন;
  - বাংলাদেশ ব্যাংকের ৮টি শাখায় সঞ্চয় স্কীমের লেনদেনের সাথে জড়িত ব্যাংক, ডাকঘর ও সঞ্চয় ব্যুরোর কর্মকর্তাদের প্রশিক্ষণ প্রদান
- জাতীয় সঞ্চয় স্কীমের লেনদেনের হিসাব সম্পর্কিতঃ
  - বাংলাদেশ ব্যাংকসহ সকল তফসিলী ব্যাংকের লেনদেন হিসাব বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়ের মাধ্যমে গ্রহণ, সকল সঞ্চয় ব্যুরোর লেনদেন হিসাব ৪টি জাতীয় সঞ্চয় আঞ্চলিক

কার্যালয়ের মাধ্যমে গ্রহণ এবং সকল ডাকঘরের লেনদেন হিসাব ৭১টি প্রধান ডাকঘরের মাধ্যমে গ্রহণ করা হয়;

- বাংলাদেশ ব্যাংক হতে প্রাপ্ত হিসাবসমূহের মিলকরণ (Reconciliation), হিসাব বিবরণী প্রস্তুতকরে মন্ত্রণালয়ে প্রেরণ;
- উৎসে আয়কর কর্তনের হিসাব প্রস্তুত ও মন্ত্রণালয়ে প্রেরণ;
- ব্যাংক ও ডাকঘর সাথে সমন্বয়সাধন;
    - ব্যাংক, ডাকঘরকে সঞ্চয়স্কীমের বিধি-বিধান সম্পর্কিত টেকনিক্যাল সাপোর্ট প্রদান;
    - ত্রৈমাসিকভিত্তিতে ব্যাংক, ডাকঘরের সাথে সমন্বয় সভার আয়োজন;
    - সঞ্চয়স্কীমের লেনদেনের সাথে জড়িত ব্যাংক ও ডাকঘরের কর্মকর্তাদের প্রশিক্ষণ প্রদান;
    - সঞ্চয়স্কীমের লেনদেন সম্পর্কিত সকল কার্যক্রম মনিটরিং ইত্যাদি;

ভূমিকাঃ

জাতীয় সঞ্চয় অধিদপ্তর অর্থ মন্ত্রণালয়ের অধীন অভ্যন্তরীণ সম্পদ বিভাগের একটি সংযুক্ত দপ্তর। গত 2014 সালে এ দপ্তরটি অধিদপ্তরে উন্নীত হয়েছে। সঞ্চয় স্কিমে বিনিয়োগের অর্থ দ্বারা দেশে ঘাটতি বাজেট মিটানো হয়ে থাকে। অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ ও অভ্যন্তরীণ সম্পদ বিভাগ কর্তৃক প্রতি বছর সঞ্চয় স্কিমের বিনিয়োগ লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়ে থাকে। মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত লক্ষ্যমাত্রা সঞ্চয় ব্যুরো, ব্যাংক ও ডাকঘরের মাঝে জাতীয় সঞ্চয় অধিদপ্তর পুন:বিভাজন করে থাকে। বর্তমান প্রতিবেদনে 2014-15 অর্থবছরের বিনিয়োগ আহরণের অগ্রগতি, প্রচার ও উদ্বুদ্ধকরণ পদ্ধতি, বিনিয়োগ আহরণ ও ব্যয় বরাদ্দ, প্রশিক্ষণ, হিসাব পদ্ধতি সরলীকরণ, পরিসংখ্যান, বিনিয়োগ আহরণের সমস্যা এবং বিনিয়োগক্ষেত্রে সমস্যাদি দূরীকরণের সুপারিশ সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়েছে। উপসংহারে বিনিয়োগের অগ্রগতি ও ভবিষ্যৎ সম্পর্কে মন্তব্য করা হয়েছে।

2। বিনিয়োগ অগ্রগতিঃ

২014-15 অর্থবছরে বিভিন্ন সঞ্চয় স্কিমের মোট ও নীট লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছিল যথাক্রমে 34,780 কোটি টাকা ও 21,000 কোটি টাকা। উক্ত লক্ষ্যমাত্রার বিপরীতে মোট অর্জন 42,659.78 কোটি টাকা এবং নীট অর্জন 28,732.64 কোটি টাকা। বর্ধিত মোট বিনিয়োগের হার 123% এবং নীট বিনিয়োগের হার 137%।

(ক) স্কিমভিত্তিক অগ্রগতি: ২০১৪-১৫ অর্থবছর

বর্তমানে জাতীয় সঞ্চয় অধিদপ্তরে ১১টি সঞ্চয় স্কিম প্রচলিত আছে। এ সকল স্কিমে বিনিয়োগকৃত অর্থের বিপরীতে বিনিয়োজিত অর্থ মুনাফাসহ বিনিয়োগকারীগণকে মেয়াদান্তে ফেরত দেয়া হচ্ছে। 2014-15 অর্থ বছরে ১১টি স্কিমের মধ্যে বিভিন্ন প্রকার সঞ্চয়পত্র, সঞ্চয় বন্ড ও ডাকঘর সঞ্চয় স্কিমের অগ্রগতি পৃথক পৃথকভাবে নিম্নে প্রদান করা হলোঃ

সারণী-০১: স্কিমভিত্তিক মোট ও নীট লক্ষ্যমাত্রা বনাম অর্জন

(কোটি টাকায়)

স্কিমের নাম	বিনিয়োগ লক্ষ্যমাত্রা	অর্জিত বিনিয়োগ	শতকরা হার	নীট লক্ষ্যমাত্রা	নীট অর্জন	শতকরা হার
সঞ্চয় পত্রসমূহ	28,405.00	34,828.65	123%	19,646.30	25,794.86	131%
সঞ্চয় বন্ডসমূহ	895.00	1,209.47	135%	317.80	582.97	183%
ডাকঘর সঞ্চয় স্কিমসমূহ	5,480.00	6,621.66	121%	1,035.90	2,354.81	227%
মোট =	34,780.00	42,659.78	১২৩%	21,000.00	28,732.64	১৩৭%

চিত্র-০১: ২০১৪-১৫ অর্থবছরের জাতীয় সঞ্চয় স্কিমের লক্ষ্যমাত্রা বনাম অর্জন



খ) প্রতিষ্ঠানভিত্তিক বিনিয়োগ

সঞ্চয় ব্যুরো, ব্যাংক ও ডাকঘরের মাধ্যমে বিভিন্ন সঞ্চয় স্কিমে বিনিয়োগ অর্জিত হয়ে থাকে। ব্যাংকের মাধ্যমে বিক্রয় হয় ৫ বছর মেয়াদী বাংলাদেশ সঞ্চয়পত্র, ৩ মাস অন্তর মুনাফাভিত্তিক সঞ্চয়পত্র, পরিবার সঞ্চয়পত্র, পেনশনার সঞ্চয়পত্র, প্রাইজ বন্ড, ওয়েজ আর্নার ডেভেলপমেন্ট বন্ড, ইউ.এস ডলার ইনভেস্টমেন্ট বন্ড ও ইউ.এস ডলার প্রিমিয়াম বন্ড। ডাকঘরের মাধ্যমে বিক্রয় হয় 5 বছর মেয়াদী বাংলাদেশ সঞ্চয়পত্র, ৩ মাস অন্তর মুনাফাভিত্তিক সঞ্চয়পত্র, পরিবার সঞ্চয়পত্র, পেনশনার সঞ্চয়পত্র, প্রাইজ বন্ড, ডাকঘর সঞ্চয় ব্যাংক সাধারণ হিসাব, মেয়াদী হিসাব ও ডাক জীবন বীমা এবং সঞ্চয় ব্যুরোর মাধ্যমে বিক্রয় হয় 5 বছর মেয়াদী বাংলাদেশ সঞ্চয়পত্র, ৩ মাস অন্তর মুনাফাভিত্তিক সঞ্চয়পত্র, পরিবার সঞ্চয়পত্র ও পেনশনার সঞ্চয়পত্র। প্রতিষ্ঠানভিত্তিক ২০১৪-১৫ অর্থ বছরে সঞ্চয় স্কিম বিক্রির তুলনামূলক তথ্যাদি নিম্নে সন্নিবেশ করা হলোঃ

(অংকসমূহ কোটি টাকা)

প্রতিষ্ঠানের নাম	বিনিয়োগ লক্ষ্যমাত্রা	অর্জিত বিনিয়োগ	শতকরা হার
ব্যাংক	12,596.00	১৫,৭৮০.৩৭	125%
সঞ্চয় ব্যুরো/ অফিস	5,482.00	৭,০০০.৪১	128%
ডাকঘর	16,702.00	১৯,৮৭৯.০০	119%
মোট	34,780.00	৪২,৬৫৯.৭৮	123%

চিত্র-০২: ২০১৪-১৫ অর্থবছরের মোট লক্ষ্যমাত্রা বনাম মোট অর্জন (প্রতিষ্ঠানভিত্তিক)



চিত্র-০৩: ২০১৪-১৫ অর্থবছরের প্রতিষ্ঠানভিত্তিক লক্ষমাত্রা বনাম অর্জন



বিঃ দ্রঃ বাংলাদেশ ব্যাংক ও ডাক অধিদপ্তর কর্তৃক প্রদত্ত তথ্যাদি অনুযায়ী দেয়া যায়, প্রায় ৩৯ টি ব্যাংকের ৬৫৪৭ টি শাখা এবং ৮,৫০০ টি ডাকঘর এবং ৭১ (একাত্তর)টি সঞ্চয় ব্যুরোর মাধ্যমে সঞ্চয় স্কিমের লেনদেন সম্পন্ন হয়ে থাকে।

২০১৪-১৫ অর্থ বছরে জাতীয় সঞ্চয় অধিদপ্তর কর্তৃক উল্লেখযোগ্য কার্যক্রমঃ

ক) জাতীয় সঞ্চয় স্কিমের মাধ্যমে ২০১৪-১৫ অর্থবছরে লক্ষ্যমাত্রা বনাম আহরিত বিনিয়োগঃ

- ✓ ২০১৪-১৫অর্থবছরে জাতীয় সঞ্চয় স্কিমের মাধ্যমে মোট ৩৪,৭৮০ (চৌত্রিশ হাজার সাতশত আশি) কোটি টাকা লক্ষ্যমাত্রার বিপরীতে মোট অর্জন ৪২,৬৫৯.৭৮ কোটি টাকা; যা লক্ষ্যমাত্রার প্রায় ১২৩ শতাংশ। আবার নীট 21,000 (একুশ হাজার) কোটি টাকা লক্ষ্যমাত্রার বিপরীতে নীট অর্জন 28,732.64 কোটি টাকা; যা লক্ষ্যমাত্রার ১৩৭ শতাংশ;
- ✓ মোট অর্জিত বিনিয়োগের ৩৭ শতাংশ ব্যাংকের মাধ্যমে, ১৬ শতাংশ সঞ্চয় ব্যুরোর মাধ্যমে এবং ৪৭ শতাংশ ডাকঘরের মাধ্যমে সম্পন্ন হয়েছে;

খ) দাপ্তরিক সক্ষমতা বৃদ্ধিঃ

- ✓ জাতীয় সঞ্চয় অধিদপ্তরের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে এর জনবল বৃদ্ধিসহ ২০১৪ খ্রিস্টাব্দের ফেব্রুয়ারী মাসে অত্র দপ্তরকে পরিদপ্তর থেকে অধিদপ্তরে উন্নীত করা হয়েছে। অধিদপ্তরের সাংগঠনিক কাঠামো অনুযায়ী অফিস প্রধানের পদ পরিচালক হতে মহাপরিচালকে উন্নীত করা হয়; সেই সাথে একজন পরিচালকের স্থলে ৪ (চার) জন পরিচালক ও ৮৪ (চুরাশি) টি নতুন পদ সৃষ্টি করা হয়েছে;

গ) সঞ্চয় স্কিমের বিধিমালা/নীতিমালা সহজিকরণঃ

- ✓ সঞ্চয় প্রকল্পে বিনিয়োগে জনসাধারণকে আকৃষ্ট করার লক্ষ্যে এর মুনাফার হার ও বিনিয়োগের উর্দ্ধসীমা বৃদ্ধিপূর্বক ব্যাপক প্রচার প্রচারণামূলক কার্যক্রম পরিচালনা করা হয়েছে। রাষ্ট্রের সিনিয়র সিটিজেন, প্রতিবন্ধীদের সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় আনয়নের লক্ষ্যে সর্বাধিক আকর্ষণীয় স্কিম পরিবার সঞ্চয়পত্রে বিনিয়োগের সুযোগ প্রদান করা হয়েছে। অনিবাসী বাংলাদেশীদের বিনিয়োগের সুবিধার্থে সঞ্চয় বন্ডসমূহকে আরো আকর্ষণীয় করা হয়েছে। একই সাথে এর নীতিমালা সহজীকরণ করা হয়েছে;

ঘ) জাতীয় সঞ্চয় অধিদপ্তরের টি.ও.এন্ড.ই সম্প্রসারণঃ

- ✓ অধিদপ্তরের টি.ও.এন্ড ই.-তে অন্তর্ভূক্ত ব্যবহার অনুপযোগী চারটি পুরাতন যানবাহনের স্থলে চারটি নতুন মাইক্রোবাস প্রতিস্থাপন করা হয়েছে। সরকারের রূপকল্প২০২১ বাস্তবায়নের লক্ষ্যে জাতীয় সঞ্চয় স্কিমের লেনদেন কার্যক্রমকে অটোমেশন প্রক্রিয়ায় আনয়নের লক্ষ্যে এ দপ্তরের টি.ও.এন্ড ই.-তে ৭৫ টি কম্পিউটার অন্তর্ভূক্তপূর্বক ক্রয় ও অধিনস্থ দপ্তরসমূহের মধ্যে বিতরণ করা হয়েছে।

ঙ) নন-ট্যাক্স রেভিনিউঃ

- ✓ ২০১৪-১৫ অর্থবছরে 32.86 কোটি (সংশোধিত) টাকা নন-ট্যাক্স রেভিনিউ আদায়ের লক্ষ্যমাত্রার বিপরীতে প্রায় 30.10 কোটি টাকা রাজস্ব আদায় হয়েছে; যা লক্ষ্যমাত্রার প্রায় 92% শতাংশ।

চ) ট্যাক্স রেভিনিউঃ

- ✓ ২০১৪-১৫ অর্থবছরে জাতীয় সঞ্চয় স্কিমের পরিশোধকৃত সুদ/মুনাফা হতে প্রায় 385.8৬ কোটি টাকা উৎসে আয়কর কর্তন করে যথাযথ প্রক্রিয়ায় সরকারী কোষাগারে জমা প্রদান করা হয়েছে;

ছ) অডিট আপত্তি নিস্পত্তিঃ

- ✓ ২০১৪-১৫ অর্থবছর পর্যন্ত পুঞ্জিভূত ২৭৮ (দুইশত আটাত্তর) টি অডিট আপত্তির মধ্যে ২৮ (আটাশ)টি অডিট আপত্তি নিস্পত্তি করা হয়েছে;

জ) কর্মকর্তা সম্মেলনঃ

- ✓ জাতীয় সঞ্চয় আঞ্চলিক কার্যালয়ের উদ্যোগে ৪ (চার)টি স্পটে সারাদেশের প্রায় ১২০ (একশত বিশ) জন কর্মকর্তার সমন্বয়ে ৪ (চার)টি কর্মকর্তা সম্মেলন আয়োজন করা হয়েছে; যেখানে জাতীয় সঞ্চয় স্কিমের লক্ষমাত্রা, অর্জন, অধিনস্থ আঞ্চলিক কার্যালয়, জেলা কার্যালয়, বিশেষ সঞ্চয় ব্যুরোসমূহের সমস্যা, সমাধান ইত্যাদি বিষয়ে আলোচনা করা হয়।

ঝ) প্রশিক্ষণঃ

- ✓ সঞ্চয়পত্র বিধিমালা/নীতিমালা বিষয়ক ৮ (আট) টি প্রশিক্ষণ কর্মশালা আয়োজনের মাধ্যমে জাতীয় সঞ্চয় স্কিমের লেনদেন কাজে জড়িত ব্যাংক, ডাকঘর ও সঞ্চয় ব্যুরোর প্রায় ৩,৬০০ জন কর্মকর্তাকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে;
- ✓ জাতীয় সঞ্চয় অধিদপ্তরের উদ্যোগে অফিস ব্যবস্থা বিষয়ক ৪ (চার) টি স্পটে প্রায় ১২০ (একশত বিশ) জন কর্মকর্তা/কর্মচারী; শুদ্ধাচার ও নৈতিকতা সম্পর্কিত ৪ (চার)টি স্পটে প্রায় ১২০ (একশত বিশ) জন কর্মকর্তা-কর্মচারী; কম্পিউটার ব্যবহার সম্পর্কিত ৪ (চার) টি স্পটে প্রায় ১২০ (একশত বিশ) জন কর্মকর্তা-কর্মচারীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে;

ঞ) জাতীয় সঞ্চয় স্কিমের স্ক্রিপ মুদ্রণ, সংরক্ষণ ও বিতরণঃ

- ✓ ২০১৪-১৫ অর্থবছরে প্রায় ২৮ (আটাশ) লক্ষ সঞ্চয়পত্রের স্ক্রিপ দি সিকিউরিটি প্রিন্টিং প্রেস, গাজীপুর হতে হতে মুদ্রণপূর্বক তা প্রধান কার্যালয়ে সংরক্ষণ এবং প্রয়োজন অনুযায়ী ব্যাংক, ডাকঘর এবং জাতীয় সঞ্চয় ব্যুরোতে বিতরণ করা হয়েছে;

(১) প্রচার ও উদ্বুদ্ধকরণঃ

- ✓ টেলিভিশন, রেডিও, সংবাদপত্র, সম্মেলন, কর্মশালা, সঞ্চয় অভিযান, বিশ্বমিতব্যয়িতা দিবস উদযাপন, বর্ষপঞ্জী, প্রচার পুস্তিকা মুদ্রণ ও বিতরণ, পোষ্টার, লিফলেট, বিলবোর্ড, সাইন বোর্ড ইত্যাদির মাধ্যমে বিনিয়োগকারীগণকে জাতীয় সঞ্চয় স্কিমসমূহে বিনিয়োগে আকৃষ্ট ও উদ্বুদ্ধ করা হয়ে থাকে। ২০১৪-১৫ অর্থবছরে প্রচার খাতে ৬ (ছয়) কোটি টাকা বাজেটে বরাদ্দ প্রদান করা হয়েছে। ২০১৪-১৫ অর্থবচরে প্রচার ও বিজ্ঞাপন খাতে উল্লেখযোগ্য কার্যবলীর খাতভিত্তিক বিবরণ নিম্নে প্রদত্ত হলোঃ

(২) সংবাদপত্রঃ

- ✓ বিভিন্ন দৈনিক, সাপ্তাহিক, পাক্ষিক এবং মাসিক পত্রিকাসমূহে অত্র অধিদপ্তরের সঞ্চয় স্কিমসমূহের উপর দর্শনীয় বিজ্ঞাপন ডি,এফ, পি- এর মাধ্যমে ব্যাপকভাবে প্রচার করা হয়েছে। ২০১৪-১৫ অর্থবছরে বিভিন্ন দৈনিক পত্রিকায় পাঁচ শতাধিক বিজ্ঞাপন প্রদান করা হয়েছে। তাছাড়া জাতীয় সঞ্চয় অধিদপ্তরের মুখপাত্র 'সঞ্চয়' পত্রিকা প্রকাশ করা হয়েছে।

(৩) টেলিভিশন ও রেডিওঃ

- ✓ ২০১৪-১৫ অর্থবছরে ২৯০ (দুইশত নব্বই)টি টেলিভিশন বিজ্ঞাপন প্রদান করা হয়েছে। তাছাড়া এফ.এম রেডিওর মাধ্যমে জাতীয় সঞ্চয় স্কিমসমূহের বিশেষ প্রচারণা চালানো হয়েছে।

(৪) পোষ্টার, লিফলেট ও প্রচার পুস্তিকা ইত্যাদিঃ

- ✓ ২০১৪-১৫ অর্থবছরে ২০ (বিশ) হাজার সঞ্চয় পত্রিকা প্রকাশ করা হয়েছে। তাছাড়া প্রায় ২ (দুই) লক্ষ লিফলেট ও বুকলেট মুদ্রণ ও বিতরণের মাধ্যমে প্রচার কার্যক্রম পরিচালনা করা হয়েছে। ২০১৪-২০১৫ অর্থবছরে ৭১ (একাত্তর) টি সঞ্চয় ব্যুরোর মাধ্যমে সারা বাংলাদেশে ১০,০০০ (দশ হাজার) পোষ্টার বিতরণ করা হয়। একই আর্থিক বছরের প্রাইজ বন্ডের ফলাফল সম্বলিত ২,৫০,০০০ (দুই লক্ষ পঞ্চাশ হাজার) মুদ্রিত গেজেট ও প্রচারপত্র বিভিন্ন ব্যক্তি, প্রতিষ্ঠান স্কুল, কলেজ, কলকারখানা, শিল্প প্রতিষ্ঠান এবং দোকানপাটে বিলি করা হয়েছে। তাছাড়া জাতীয় সঞ্চয় স্কিমসমূহের বিস্তারিত বিবরণসহ মুদ্রিত ৫,০০০ (পাঁচ হাজার) কপি প্রচার পুস্তিকা এবং ৫০,০০০ (পঞ্চাশ হাজার) কপি লিফলেট বিভিন্ন ব্যক্তি এবং প্রতিষ্ঠানে বিতরণ করা হয়েছে।

জাতীয় সঞ্চয়ের কতিপয় স্কিমের মুনাফার হার পরিবর্তনঃ

গত ২৩ মে ২০১৫ খ্রিঃ তারিখ হতে পরিবার সঞ্চয়পত্র, পেনশনার সঞ্চয়পত্র, ৩-মাস অন্তর মুনাফাভিত্তিক সঞ্চয়পত্র, ৫-বছর মেয়াদী বাংলাদেশ সঞ্চয়পত্র, ওয়েজ আর্নার ডেভেলপমেন্ট বন্ড এবং ডাকঘর সঞ্চয় ব্যাংক-মেয়াদী হিসাব এর মুনাফার হার নিম্নরুপভাবে পরিবর্তন করা হয়েছেঃ

ক্র/নং	সঞ্চয় স্কিমের নাম	মুনাফার হার
০১।	পরিবার সঞ্চয়পত্র (৫-বছর মেয়াদী)	১ম বছরান্তেঃ ৯.৩৫%
		২য় বছরান্তেঃ ৯.৮০%
		৩য় বছরান্তেঃ ১০.২৫%
		৪র্থ বছরান্তেঃ ১০.৭৫%
		মেয়াদান্তেঃ ১১.২৮%
০২।	পেনশনার সঞ্চয়পত্র (৫-বছর মেয়াদী)	১ম বছরান্তেঃ ৯.৭০%
		২য় বছরান্তেঃ ১০.১৫%
		৩য় বছরান্তেঃ ১০.৬৫%
		৪র্থ বছরান্তেঃ ১১.২০%
		মেয়াদান্তেঃ ১১.৭৬%
০৩।	৩-মাস অন্তর মুনাফাভিত্তিক সঞ্চয়পত্র (৩-বছর মেয়াদী)	১ম বছরান্তেঃ ১০.০০%
		২য় বছরান্তেঃ ১০.৫০%
		মেয়াদান্তেঃ ১১.০৪%
০৪।	৫-বছর মেয়াদী বাংলাদেশ সঞ্চয়পত্র	১ম বছরান্তেঃ ৯.৩৫%
		২য় বছরান্তেঃ ৯.৮০%
		৩য় বছরান্তেঃ ১০.২৫%
		৪র্থ বছরান্তেঃ ১০.৭৫%
		মেয়াদান্তেঃ ১১.২৮%
০৫।	ওয়েজ আর্নার ডেভেলপমেন্ট বন্ড (৫-বছর মেয়াদী)	৬-মাসের পূর্বেঃ কোন লাভ প্রাপ্য হবে না।
		৬-মাসের বেশী কিন্তু ১ বছরের কমঃ ৮.৭০%; (৬-মাসের জন্য)
		১-বছরের বেশী কিন্তু ১$\frac{1}{2}$ বছরের কমঃ ৯.৪৫%; (১-বছরের জন্য)
		১$\frac{1}{2}$ বছরের বেশী কিন্তু ২ বছরের কমঃ ১০.২০%; (১$\frac{1}{2}$ বছরের জন্য)
		২ বছরের বেশী কিন্তু ৫ বছরের কমঃ ১১.২০%
		মেয়াদান্তেঃ ১২.০০%
০৬।	ডাকঘর সঞ্চয় ব্যাংক-মেয়াদী হিসাব (৩-বছর মেয়াদী)	(১) ৬-মাস অন্তর মুনাফা না উঠালেঃ ১ম বছরান্তেঃ ১০.২০%; ২য় বছরান্তেঃ ১০.৭০% এবং ৩য় বছরান্তে (মেয়াদান্তে): ১১.২৮%।
		(২) ৬-মাস অন্তর মুনাফা উঠালেঃ ১ম বছরান্তেঃ ৯.০০%; ২য় বছরান্তেঃ ৯.৫০% এবং ৩য় বছরান্তে (মেয়াদান্তে): ১০.০০%।

বিদ্যমান জাতীয় সঞ্চয় স্কিমসমূহের পরিচিতিঃ

(ক) ৫-বছর মেয়াদী বাংলাদেশ সঞ্চয়পত্র
প্রবর্তনঃ ১৯৭৭ খ্রিঃ
মেয়াদঃ ৫ বছর।

মূল্যমানঃ

১০ টাকা; ৫০ টাকা; ১০০ টাকা; ৫০০ টাকা; ১,০০০ টাকা; ৫,০০০ টাকা; ১০,০০০ টাকা; ২৫,০০০ টাকা; ৫০,০০০ টাকা; ১,০০,০০০ টাকা; ৫,০০,০০০ টাকা এবং ১০,০০,০০০ টাকা।

কোথায় পাওয়া যায়ঃ

জাতীয় সঞ্চয় ব্যুরো, বাংলাদেশ ব্যাংকসহ তফসিলী ব্যাংক এবং ডাকঘর থেকে ক্রয় ও নগদায়ন করা যায়।

মুনাফার হারঃ

মেয়াদান্তে মুনাফা ১১.২৮%। তবে মেয়াদপূর্তির পূর্বে নগদায়ন করলে ১ম বছরান্তে ৯.৩৫%, ২য় বছরান্তে ৯.৮০%, ৩য় বছরান্তে ১০.২৫% এবং ৪র্থ বছরান্তে ১০.৭৫% হারে মুনাফা প্রাপ্য হবে।

যারা ক্রয় করতে পারবেনঃ

(ক) সকল শ্রেণী ও পেশার বাংলাদেশী নাগরিক;
(খ) আয়কর বিধিমালা, ১৯৮৪ (অংশ-২) এর বিধি ৪৯-এর উপ-বিধি(২) এ সংজ্ঞায়িত স্বীকৃত ভবিষ্য তহবিল এবং ভবিষ্য তহবিল আইন, ১৯২৫(১৯২৫ এর ১৯নং) অনুযায়ী;
(গ) আয়কর আধ্যাদেশ-১৯৮৪ এর ৬ষ্ঠ তফষিল এর পার্ট এ এর অনুচ্ছেদ ৩৪ অনুযায়ী মৎস্য খামার, হাঁস-মুরগীর খামার, পেলিটেট পোলট্রি ফিডস উৎপাদন, বীজ উৎপাদন, স্থানীয় উৎপাদিত বীজ বিপণন, গবাদি পশুর খামার, দুগ্ধ ও দুগ্দজাত দ্রব্যের খামার, ব্যাঙ উৎপাদন খামার, উদ্যান খামার প্রকল্প, রেশম গুটিপোকা পালনের খামার, ছত্রাক উৎপাদন এবং ফল ও লতা পাতার চাষ হতে অর্জিত আয়-যা সংশ্লিষ্ট উপ-কমিশনার কর্তৃক প্রত্যায়নকৃত।
(ঘ) নাবালকের পক্ষেও ক্রয় করা যায়।

ক্রয়ের উর্ধ্বসীমাঃ

(ক) ব্যক্তির ক্ষেত্রেঃ একক নামে ৩০ লক্ষ অথবা যুগ্ম-নামে৬০ লক্ষ।
(খ) প্রতিষ্ঠানের ক্ষেত্রেঃ উর্ধ্বসীমা নেই।

অন্যান্য সুবিধাঃ

- একমেয়াদের জন্য স্বয়ংক্রিয়ভাবে পুনঃবিনিয়োগ সুবিধা বিদ্যমান;
- নমিনী নিয়োগ করা যায়; ক্রেতা মৃত্যুবরণ করলে নমিনী যে কোন সময় সঞ্চয়পত্র নগদায়ন করতে পারেন। নমিনী ইচ্ছা করলে মেয়াদপূর্তি করেও সঞ্চয়পত্র নগদায়ন করতে পারবে;
- সঞ্চয়পত্র হারিয়ে গেলে, চুরি হলে, পুড়ে গেলে বা নষ্ট হলে ডুপ্লিকেট সঞ্চয়পত্র ইস্যু করা যায়;
- সঞ্চয়পত্র এক অফিস হতে অন্য অফিসে স্থানান্তর করা যায় (সঞ্চয়পত্র ব্যুরো হতে সঞ্চয় ব্যুরো, ব্যাংক হতে ব্যাংক এবং ডাকঘর হতে ডাকঘর);
- সঞ্চয়পত্র হারিয়ে গেলে, চুরি হলে, পুড়ে গেলে বা কোন কারনে বিনষ্ট হয়ে গেলে ডুপ্লিকেট সঞ্চয়পত্র ইস্যু করা যায়।

-০-

(খ) ৩-মাস অন্তর মুনাফাভিত্তিক সঞ্চয়পত্রঃ
প্রবর্তনঃ ১৯৯৮ খ্রিঃ

মূল্যমানঃ

১,০০,০০০ টাকা; ২,০০,০০০ টাকা; ৫,০০,০০০ টাকা এবং ১০,০০,০০০ টাকা।

কোথায় পাওয়া যায়ঃ

জাতীয় সঞ্চয় ব্যুরো, বাংলাদেশ ব্যাংকসহ তফসিলী ব্যাংক এবং ডাকঘর থেকে ক্রয় ও নগদায়ন করা যায়।

যারা ক্রয় করতে পারবেনঃ নিম্নে বর্ণিত যে কেউ এই সার্টিফিকেট ক্রয় করতে পারবেন, যথা-

(১) একজন প্রাপ্তবয়স্ক;
(২) একজন নাবালক;
(৩) দুইজন প্রাপ্তবয়স্ক তাহাদের যৌথ নামে-
 (ক) গ্রাহকদের যৌথভাবে প্রদেয় অথবা যে কোনো একজনের লিখিত সম্মতিতে অন্যজনকে প্রদেয়;
 (খ) যে কোনো একজনকে প্রদেয়।
(৪) একজন প্রাপ্তবয়স্ক-
 (ক) একজন অপ্রাপ্তবয়স্কের পক্ষে, অথবা
 (খ) যুগ্ম-নামে দুইজন অপ্রাপ্তবয়স্কের পক্ষে,
 (গ) তিনি স্বয়ং একজন অপ্রাপ্তবয়স্কের সঙ্গে যুগ্ম-নামে,
 (ঘ) যথাযথ আদালত কর্তৃক কোনো উন্মাদ ব্যক্তির অভিভাবক বা ম্যানেজার নিযুক্ত হইয়া

ক্রয় পদ্ধতিঃ

- নির্ধারিত ফরম (এস.সি-১) যথাযথভাবে পূরণপূর্বক ক্রেতা ও নমিনী (যদি থাকে) প্রত্যেকের ০২ (দুই) কপি ছবি, ক্রেতার জাতীয় পরিচয় পত্র অথবা পাসপোর্ট অথবা জন্ম নিবন্ধন সনদের ফটোকপিসহ আবেদন করতে হবে।
- চেক অথবা নগদে সমপরিমাণ অর্থ পরিশোধ করতে হবে। তবে চেকের মাধ্যমে সঞ্চয়পত্র ক্রয়ের ক্ষেত্রে চেক নগদায়নের তারিখে সঞ্চয়পত্র ইস্যু করা হবে;

[টীকা।- সঞ্চয়পত্র ক্রয় ফরমে জাতীয় পরিচয়পত্রের নম্বর অন্তর্ভূক্তি এবং কর্তৃপক্ষকে উহা প্রদর্শন বাধ্যতামূলক। ক্রেতা জাতীয় পরিচয়পত্র প্রদর্শন করিতে অপারগ হইলে সেই ক্ষেত্রে পাসপোর্ট অথবা জন্মনিবন্ধন সনদের নম্বর অন্তর্ভূক্তি এবং কর্তৃপক্ষকে উহা প্রদর্শন বাধ্যতামূলক হইবে ।]

ক্রয়ের উর্ধ্বসীমাঃ একক নামে ৩০ লক্ষ অথবা যুগ্ম-নামে ৬০ লক্ষ টাকা।

মেয়াদঃ ৩ (তিন) বছর।

মুনাফার হারঃ মেয়াদান্তে মুনাফা ১১.০৪%। মেয়াদপূর্তির পূর্বেও নগদায়ন করা যায়। তবে মেয়াদপূর্তির পূর্বে নগদায়ন করিলে টেবিল-১ অনুযায়ী মুনাফা পাওয়া যাবে:

টেবিল-১: মুনাফার হার

সময়	মুনাফার হার	প্রতি ১ (এক) লক্ষ টাকায় মূলসহ মুনাফার পরিমাণ
১ম বছরান্তে	১০.০০%	১,১০,০০০.০০
২য় বছরান্তে	১০.৫০%	১,২১,০০০.০০
৩য় বছরান্তে	১১.০৪%	১,৩৩,১২০.০০

টীকাঃ ১ (এক) লক্ষ টাকায় তিন মাস অন্তর মুনাফাভিত্তিক সঞ্চয়পত্রের প্রতি তিন মাস অন্তর মুনাফার কিস্তি সর্বোচ্চ ১১.০৪% হারে টাকা ২,৭৬০.০০ (দুই হাজার সাতশত ষাট) টাকা মাত্র প্রদেয় হবে। প্রযোজ্য ক্ষেত্রে লেভি/মুনাফা কর্তন হবে। কিন্তু যে সকল ক্ষেত্রে মেয়াদ উত্তীর্ণ হওয়ার পূর্বে বিনিয়োগকৃত টাকা উত্তোলন করা হবে, সে ক্ষেত্রে টেবিল-১ প্রদর্শিত হারে মুনাফা প্রদেয় হবে, এবং অতিরিক্ত অর্থ পরিশোধিত হয়ে থাকলে তা মূল টাকা হতে কর্তন করে সমন্বয়পূর্বক অবশিষ্ট মূল টাকা পরিশোধ করতে হবে।

টেবিল-২: অভিহিত মূল্য অনুযায়ী ৩-মাস অন্তর মুনাফার পরিমাণ

বিনিয়োগকৃত টাকার পরিমাণ	প্রতি ১ (এক) লক্ষ টাকায় ৩-মাস অন্তর মুনাফার পরিমাণ (টাকায়)
১,০০,০০০/=	২,৭৬০.০০
২,০০,০০০/=	৫,৫২০.০০
৫,০০,০০০/=	১৩,৮০০.০০
১০,০০,০০০/=	২৭,৬০০.০০

অন্যান্য সুবিধাঃ

- এ সঞ্চয়পত্র বাংলাদেশের যে কেউ ক্রয় করতে পারবে;
- নমিনী নিয়োগ করা যায়;
- ক্রেতা মৃত্যুবরণ করলে নমিনী যে কোন সময় সঞ্চয়পত্র নগদায়ন করতে পারবে। নমিনীর ইচ্ছানুযায়ী মেয়াদপূর্তির পূর্বে বা পরে সঞ্চয়পত্র নগদায়ন করিতে পারিবে;
- সঞ্চয়পত্র হারিয়ে গেলে, পুড়িয়া গেলে বা নষ্ট হইলে ডুপ্লিকেট সঞ্চয়পত্র ইস্যু করা যায়;
- সঞ্চয়পত্র এক অফিস হইতে অন্য অফিসে স্থানান্তর করা যায় (সঞ্চয় ব্যুরো হইতে সঞ্চয় ব্যুরো, ব্যাংক হইতে ব্যাংক এবং ডাকঘর হইতে ডাকঘর);
- সঞ্চয়পত্র ক্রয়ের সময় জাতীয় পরিচয়পত্র অথবা পাসপোর্ট অথবা জন্ম নিবন্ধন সনদপত্রের ফটোকপি এবং ক্রেতা ও নমিনী (যদি থাকে) প্রত্যেকের ০২ (দুই) কপি করিয়া পাসপোর্ট সাইজের ছবি দাখিল করিতে হইবে।
-

-০-

(গ) পরিবার সঞ্চয়পত্র

পুনঃপ্রবর্তনঃ ২০০৯ খ্রিঃ

মেয়াদঃ ৫ বছর ।

মূল্যমানঃ ১০,০০০ টাকা; ২০,০০০ টাকা; ৫০,০০০ টাকা; ১,০০,০০০ টাকা; ২,০০,০০০ টাকা; ৫,০০,০০০ টাকা এবং ১০,০০,০০০ টাকা।

কোথায় পাওয়া যায়ঃ জাতীয় সঞ্চয় ব্যুরো, বাংলাদেশ ব্যাংকসহ তফসিলী ব্যাংকসমূহ এবং ডাকঘর থেকে ক্রয় ও নগদায়ন করা যায়।

যারা ক্রয় করতে পারবেনঃ ১৮ (আঠার) ও তদুর্ধ্ব বয়সের যে কোন বাংলাদেশী মহিলা, যে কোন বাংলাদেশী শারীরিক প্রতিবন্ধী (পুরুষ ওমহিলা) এবং ৬৫ (পঁয়ষট্টি) ও তদুর্ধ্ব বয়সের বাংলাদেশী (পুরুষ ও মহিলা) নাগরিক।

ক্রয়ের উর্ধ্বসীমাঃ একক নামে সর্বোচ্চ ৪৫(পঁতাল্লিশ) লক্ষ টাকা।

মুনাফার হারঃ ১১.৫২% মেয়াদান্তে। পরিবার সঞ্চয়পত্রের বছরভিত্তিক প্রদেয় মুনাফার হার নিম্নোক্ত ছক-১ অনুযায়ী প্রদেয় হইবেঃ

ছক-১: পরিবার সঞ্চয়পত্রের বছরভিত্তিক প্রদেয় মুনাফার হার

নগদায়ন কাল	মুনাফার হার	মন্তব্য
১ম বছরান্তে	৯.৫০%	পূর্ণমেয়াদের জন্য ১ (এক) লক্ষ টাকায় প্রতি মাসে মুনাফার কিস্তি সর্বোচ্চ ১১.৫২% হারে টাকা ৯৬০.০০ (নয়শত ষাট) মাত্র প্রদেয় হইবে। প্রযোজ্য ক্ষেত্রে উৎসে আয়কর কর্তন/লেভী কর্তন হইবে। কিন্তু যেক্ষেত্রে মেয়াদ উত্তীর্ণ হইবার পূর্বে বিনিয়োগকৃত টাকা উত্তোলন করা হইবে, সেক্ষেত্রে উপরের ছক-১ (পরিবার সঞ্চয়পত্রে বছরভিত্তিক প্রদেয় মুনাফার হার)-এ প্রদর্শিত বছরভিত্তিক হারে মুনাফা প্রদেয় হইবে এবং অতিরিক্ত অর্থ পরিশোধিত হইয়া থাকিলে উহা মূল টাকা হইতে কর্তন করিয়া সমন্বয়পূর্বক অবশিষ্ট মূল টাকা পরিশোধ করিতে হইবে।
২য় বছরান্তে	১০.০০%	
৩য় বছরান্তে	১০.৫০%	
৪র্থ বছরান্তে	১১.০০%	
৫ম বছরান্তে	১১.৫২%	

(২) বিভিন্ন মূল্যমানের পরিবার সঞ্চয়পত্রের মুনাফার পরিমাণ নিম্নরুপ হইবে-

ছক-১ (ক): বিভিন্ন মূল্যমানের সঞ্চয়পত্রে মাসিক ভিত্তিতে প্রদেয় মুনাফার পরিমাণঃ

বিনিয়োগের পরিমাণ (টাকায়)	ত্রৈমাসিক ভিত্তিতে প্রদেয় মুনাফার পরিমাণ (টাকায়)	মন্তব্য
১	২	৩
(ক) ১০,০০০.০০	৯৬.০০	মাসিক মুনাফা উত্তোলনের পর ৫ (পাঁচ) বছর মেয়াদ শেষে মূল বিনিয়োগকৃত অর্থ ফেরত পাওয়া যাইবে।
(খ) ২০,০০০.০০	১৯২.০০	
(গ) ৫০,০০০.০০	৪৮০.০০	
(ঘ) ১,০০,০০০.০০	৯৬০.০০	
(ঙ) ২,০০,০০০.০০	১,৯২০.০০	
(চ) ৫,০০,০০০.০০	৪,৮০০.০০	
(ছ) ১০,০০,০০০.০০	৯,৬০০.০০	

(৩) মেয়াদপূর্তির পূর্বে সঞ্চয়পত্র নগদায়ন করিলে গৃহীত মাসিক মুনাফা কর্তনপূর্বক অবশিষ্ট অর্থ ফেরত দেওয়া হইবে। ১ (এক) লক্ষ টাকার পরিবার সঞ্চয়পত্র ক্রয় করিয়া মেয়াদপূর্তির পূর্বে নগদায়ন করিলে নিম্নোক্ত ছক-১ (খ) মোতাবেক অর্থ ফেরত পাওয়া যাইবে-

ছক-১ (খ): মেয়াদপূর্তির পূর্বে নগদায়নের ক্ষেত্রে ১ (এক) লক্ষ টাকায় ফেরতযোগ্য টাকার পরিমাণঃ

সময়সীমা	মাসিক মুনাফা উঠাইয়া বিনিয়োগকৃত অর্থ ফেরত গ্রহণ করিলে প্রাপ্য টাকার পরিমাণ
১	২
১ম বৎসর চলাকালীন	১,০০,০০০ - গৃহীত মুনাফা
২য় বৎসর চলাকালীন	১,০৯,৫০০- গৃহীত মুনাফা
৩য় বৎসর চলাকালীন	১,২০,০০০- গৃহীত মুনাফা
৪র্থ বৎসর চলাকালীন	১,৩১,৫০০ - গৃহীত মুনাফা
৫ম বৎসর চলাকালীন	১, ৪৪,০০০ - গৃহীত মুনাফা

অন্যান্য উল্লেখযোগ্য বিষয়াবলীঃ

- মাসিকভিত্তিতে মুনাফা প্রদেয়;
- নমিনী নিয়োগ করা যায়;
- হারিয়ে গেলে, পুড়ে গেলে বা নষ্ট হলে ডুপ্লিকেটসঞ্চয়পত্র ইস্যু করা যায়;
- সঞ্চয়পত্র এক স্থান হতে অন্য স্থানে স্থানান্তর করা যায়;
- ক্রয়ের সময় ক্রেতার ২ (দুই) কপি ছবি, জাতীয় পরিচয়পত্র অথবা জন্ম নিবন্ধন সনদ অথবা পাসপোর্টের ফটোকপি, নমিনী থাকলে প্রত্যেকের ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি প্রদান করতে হবে;
- সঞ্চয়পত্র ব্যাংক ঋণের জন্য জামানত/আমানত হিসেবে ব্যবহার করা যাবে না;
- ব্যবসা-বানিজ্যে সঞ্চয়পত্র জামানত হিসাবে ব্যবহার করা যাবে না;
-

-০-

(ঘ) পেনশনার সঞ্চয়পত্র

প্রবর্তনঃ ২০০৪ খ্রিঃ

মেয়াদঃ ৫ বছর

মূল্যমানঃ

৫০,০০০ টাকা; ১,০০,০০০ টাকা; ২,০০,০০০ টাকা; ৫,০০,০০০ টাকা এবং ১০,০০,০০০ টাকা

কোথায় পাওয়া যায়ঃ

জাতীয় সঞ্চয় ব্যুরো, বাংলাদেশ ব্যাংকসহ তফসিলী ব্যাংক এবং ডাকঘর থেকে ক্রয় ও নগদায়ন করা যায়।

যারা ক্রয় করতে পারবেঃ

অবসরপ্রাপ্ত সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত, আধা- স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারী, সুপ্রীম কোর্টের অবসরপ্রাপ্ত মাননীয় বিচারপতিগণ, সশস্ত্র বাহিনীর অবসরপ্রাপ্ত সদস্য এবং মৃত চাকুরীজিবীর পারিবারিক পেনশন সুবিধাভোগী স্বামী/স্ত্রী/সন্তান।

ক্রয়ের উর্ধ্বসীমাঃ

প্রাপ্ত আনুতোষিক ও ভবিষ্য তহবিলের অর্থ মিলিয়ে একক নামে ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকা।

মুনাফার হারঃ

১১.৭৬% (মেয়াদান্তে)।বছরভিত্তিক মুনাফার হার নিম্নোক্ত ছক মোতাবেক প্রদেয় হইবেঃ

ছক-১: পেনশনার সঞ্চয়পত্রের বছরভিত্তিক প্রদেয় মুনাফার হার

নগদায়নকাল	মুনাফার হার	মন্তব্য
১ম বছরান্তে	৯.৭০%	পূর্ণমেয়াদের জন্য ১ (এক) লক্ষ টাকায় প্রতি ৩ (তিন) মাস অন্তর মুনাফার কিস্তি সর্বোচ্চ ১১.৭৬% হারে টাকা ২,৯৪০.০০ (দুই হাজার নয়শত চল্লিশ) মাত্র প্রদেয় হইবে। প্রযোজ্য ক্ষেত্রে উৎসে আয়কর কর্তন/লেভী কর্তন হইবে। কিন্তু যে ক্ষেত্রে মেয়াদ উত্তীর্ণ হইবার পূর্বে বিনিয়োগকৃত টাকা উত্তোলন করা হইবে, সে ক্ষেত্রে উপরের ছক-১ (পেনশনার সঞ্চয়পত্রে বছরভিত্তিক প্রদেয় মুনাফার হার)-এ প্রদর্শিত বছরভিত্তিক হারে মুনাফা প্রদেয় হইবে এবং অতিরিক্ত অর্থ পরিশোধিত হইয়া থাকিলে উহা মূল টাকা হইতে কর্তন করিয়া সমন্বয়পূর্বক অবশিষ্ট মূল টাকা পরিশোধ করিতে হইবে।
২য় বছরান্তে	১০.১৫%	
৩য় বছরান্তে	১০.৬৫%	
৪র্থ বছরান্তে	১১.২০%	
৫ম বছরান্তে	১১.৭৬%	

(২) বিভিন্ন মূল্যমানের পরিবার সঞ্চয়পত্রের মুনাফার পরিমাণ নিম্নরূপ হইবে-

ছক-১ (ক): বিভিন্ন মূল্যমানের পেনশনার সঞ্চয়পত্রের ত্রৈমাসিক ভিত্তিতে প্রদেয় মুনাফার পরিমাণঃ

বিনিয়োগের পরিমাণ (টাকায়)	ত্রৈমাসিক ভিত্তিতে প্রদেয় মুনাফার পরিমাণ (টাকায়)	মন্তব্য
১	২	৩
(ক) ৫০,০০০.০০	১,৪৭০.০০	ত্রৈমাসিক মুনাফা উত্তোলনের পর ৫ (পাঁচ) বছর মেয়াদ শেষে মূল বিনিয়োগকৃত অর্থ ফেরত পাওয়া যাইবে।
(খ) ১,০০,০০০.০০	২,৯৪০.০০	
(গ) ২,০০,০০০.০০	৫,৮৮০.০০	
(ঘ) ৫,০০,০০০.০০	১৪,৭০০.০০	
(ঙ) ১০,০০,০০০.০০	২৯,৪০০.০০	

(৩) মেয়াদপূর্তির পূর্বে সঞ্চয়পত্র নগদায়ন করিলে গৃহীত ত্রৈমাসিক মুনাফা কর্তনপূর্বক অবশিষ্ট অর্থ ফেরত দেওয়া হইবে। ১ (এক) লক্ষ টাকার সঞ্চয়পত্র ক্রয় করিয়া মেয়াদপূর্তির পূর্বে নগদায়ন করিলে নিম্নোক্ত ছক-১ (খ) মোতাবেক অর্থ ফেরত পাওয়া যাইবে-

ছক-১ (খ): মেয়াদপূর্তির পূর্বে নগদায়নের ক্ষেত্রে ১ (এক) লক্ষ টাকায় ফেরতযোগ্য টাকার পরিমাণ

সময়সীমা	৩-মাস অন্তর মুনাফা উত্তোলন করিয়া বিনিয়োগকৃত অর্থ ফেরত গ্রহণ করিলে প্রাপ্য টাকা
১	২
১ম বৎসর চলাকালীন	১,০০,০০০ - গৃহীত মুনাফা
২য় বৎসর চলাকালীন	১,০৯,৭০০- গৃহীত মুনাফা
৩য় বৎসর চলাকালীন	১,২০,৩০০- গৃহীত মুনাফা
৪র্থ বৎসর চলাকালীন	১,৩১,৯৫০ - গৃহীত মুনাফা
৫ম বৎসর চলাকালীন	১, ৪৪,৮০০ - গৃহীত মুনাফা

অন্যান্য উল্লেখযোগ্য বিষয়াবলীঃ

- ত্রৈমাসিকভিত্তিতে মুনাফা প্রদেয়;
- নমিনী নিয়োগ করা যায়;
- হারিয়ে গেলে, পুড়ে গেলে বা নষ্ট হলে ডুপ্লিকেটসঞ্চয়পত্র ইস্যু করা যায়;
- সঞ্চয়পত্র এক স্থান হতে অন্য স্থানে স্থানান্তর করা যায়;
- ক্রয়ের সময় ক্রেতার ২ (দুই) কপি ছবি, জাতীয় পরিচয়পত্র অথবা জন্ম নিবন্ধন সনদ অথবা পাসপোর্টের ফটোকপি, নমিনী থাকলে প্রত্যেকের ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি প্রদান করতে হবে;
- ভবিষ্য তহবিলের মঞ্জুরীপত্র এবং প্রাপ্ত আনুতোষিকের মঞ্জুরীপত্র অথবা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক পি.এস.সি ফরম-২ পুরণ করে ইস্যু অফিসে দাখিল করতে হবে।
- এ সঞ্চয়পত্র শুধুমাত্র ১ (এক)টি অফিস হতে ক্রয় করা যায়। একাধিক অফিস হতে এ সঞ্চয়পত্র ক্রয় করলে অথবা ক্রয়সীমা অতিরিক্ত সঞ্চয়পত্র ক্রয় করলে কোন মুনাফা প্রাপ্য হবেন না।
- পেনশনার সঞ্চয়পত্র ব্যাংক ঋণের জন্য জামানত/আমানত হিসেবে ব্যবহার করা যাবে না;
- ব্যবসা-বানিজ্যে পেনশনার সঞ্চয়পত্র জামানত হিসাবে ব্যবহার করা যাবে না;

-০-

ডাকঘর সঞ্চয় ব্যাংক

(প্রবর্তনঃ ১৮৭২ খ্রিঃ)

ক) সাধারণ হিসাবঃ

১। মুনাফাঃ ৭.৫% (সরল হারে)

২। যারা বিনিয়োগ করতে পারবেনঃ (ক) সকল শ্রেণী ও পেশার বাংলাদেশী নাগরিক।
(খ) নাবালকের পক্ষেও এ হিসাব খোলা যায়।

৩। বিনিয়োগের উর্ধ্বসীমাঃ একক নামে সর্বোচ্চ ৩০ লক্ষ টাকা এবং যুগ্ম-নামে সর্বোচ্চ ৬০ লক্ষ টাকা।

৪। অন্যান্য সুবিধাঃ (ক) নমিনী নিয়োগ করা যায় / পরিবর্তন ও বাতিল করা যায়;
(খ) এক মাসেরও মুনাফা প্রদেয়।

খ) মেয়াদী হিসাবঃ

১। মুনাফাঃ মেয়াদান্তে (৩ বছর) মুনাফা ১১.২৮%।

তবে ১ (এক) বছর, ২ (দুই) বছর অথবা ৩ (তিন) বছর মেয়াদী হিসাব খোলা যায়। এক্ষেত্রে মুনাফার হার ১ (এক) বছরের জন্য ১০.২০%, ২ (দুই) বছরের জন্য ১০.৭০% এবং ৩ (তিন) বছরের জন্য ১১.২৮%। আমানতকারী ইচ্ছা করলে প্রতি ৬ মাস অন্তর মুনাফা উত্তোলন করতে পারেন। সে ক্ষেত্রে ১ম বছরে ৯.০০%, ২য় বছরে ৯.৫০% এবং ৩য় বছরে ১০.০০% হারে মুনাফা প্রদেয়।

২। যারা বিনিয়োগ করতে পারবেনঃ (ক) সকল শ্রেণী ও পেশার বাংলাদেশী নাগরিক।
(খ) নাবালকের পক্ষেও এ হিসাব খোলা যায়।

৩। বিনিয়োগের উর্ধ্বসীমাঃ একক হিসেবে ৩০ লক্ষ টাকা এবং যুগ্ম হিসেবে ৬০ লক্ষ টাকা।

৪। অন্যান্য সুবিধাঃ

(ক) সকল শ্রেণী ও পেশার বাংলাদেশী নাগরিক এ প্রকল্পে হিসাব খুলতে পারেন;
(খ) নমিনী নিয়োগ করা যায় / পরিবর্তন ও বাতিল করা যায়;
(গ) এক মেয়াদের জন্য স্বয়ংক্রিয় পুনঃবিনিয়োগ সুবিধা পাওয়া যায়।

-০-

ডাক জীবন বীমা (প্রবর্তনঃ ১৮৭২ খ্রিঃ)

ডাক জীবন বীমা সরকার কর্তৃক পরিচালিত।

(১) যারা এ বীমা করতে পারেনঃ ১৯ থেকে ৫৫ বছর বয়সী সকল শ্রেণী ও পেশার বাংলাদেশী নাগরিক।

(২) পলিসির ধরণঃ (ক) জীবন চুক্তি বীমা; (খ) মেয়াদী বীমা; (গ) শিক্ষা মেয়াদী বীমা; (ঙ) বিবাহ বীমা; (ঙ) এন্ডোমেন্ট বীমা।

(৩) অন্যান্য সুবিধাঃ

(ক) আয়কর রিবেট পাওয়া যায় (খ) প্রিমিয়ামের হার কম বোনাসের পরিমাণ বেশী (গ) ১০০% ঝুঁকির নিরাপত্তা (ঘ) আকস্মিক মৃত্যু ও চির-অক্ষমতার মঙ্গল বিধান চুক্তি (ঙ) ডাক্তারী পরীক্ষা ছাড়া পলিসি।

(৩) প্রচলিত বোনাসঃ

	বীমার শ্রেণী	**প্রতি হাজারে প্রতি বছরে বোনাস**
(ক)	আজীন বীমা	৪২.০০ টাকা
(খ)	মেয়াদী বীমা	৩৩.০০ টাকা

-০-

বাংলাদেশ প্রাইজ বন্ড (১০০ টাকা মূল্যমান)

প্রতি ড্র তে প্রতি সিরিজে পুরস্কার

(ক) ৬,০০,০০০ টাকার প্রথম পুরস্কার একটি
(খ) ৩,২৫,০০০ টাকার দ্বিতীয় পুরস্কার একটি
(গ) ১,০০,০০০ টাকার তৃতীয় পুরস্কার দু'টি
(ঘ) ৫০,০০০ টাকার চতুর্থ পুরস্কার দু'টি
(ঙ) ১০,০০০ টাকার পঞ্চম পুরস্কার চল্লিশটি

অন্যান্য তথ্যাবলীঃ

(ক) প্রতি তিন মাস অন্তর (৩১ জানুয়ারী, ৩০ এপ্রিল, ৩১ জুলাই ও ৩১ অক্টোবর) 'ড্র' অনুষ্ঠিত হয়।
(খ) বন্ডে নির্দেশিত বিক্রয় তারিখ হতে নূন্যতম ২ (দুই) মাস অতিক্রমের পর উক্ত বন্ড 'ড্র' এর আওতায় আসবে।
(গ) 'ড্র' অনুষ্ঠানের নির্ধারিত তারিখ হতে **দুই বছরের মধ্যে** পুরস্কারের টাকা দাবী করতে হয়।

-০-

ওয়েজ আর্নার ডেভেলপমেন্ট বন্ড
প্রবর্তণঃ ১৯৮১
মেয়াদঃ ৫ (পাঁচ) বছর

বন্ডের মূল্যমানঃ

টাকা ২৫,০০০/-; টাকা ৫০,০০০/-; টাকা ১,০০,০০০/-; টাকা ২,০০,০০০/-; টাকা ৫,০০,০০০/-; টাকা ১০,০০,০০০/; এবং ৫০,০০,০০০/-।

মুনাফাঃ

- ✓ মেয়াদান্তে মুনাফা ১২%। বন্ড ধারক ১২% হারে প্রত্যেক বছরে ষান্মাসিকভিত্তিতে মুনাফা উত্তোলন করতে পারবেন। তবে ষান্মাসিকভিত্তিতে মুনাফা উত্তোলিত না হলে, মেয়াদপূর্তিতে মুল অংকের সাথে ষান্মাসিকভিত্তিতে ১২% চক্রবৃদ্ধি হারে উক্ত মুনাফা প্রদেয় হবে।

মৃত্যু ঝুঁকি সুবিধাঃ

- ✓ একজন ওয়েজ আর্নার প্রাথমিকভাবে ন্যূনতম টাকা ২৫,০০০/- বা ততোধিক মূল্যের বন্ড ক্রয় করলে নির্ধারিত হারে মৃত্যু ঝুঁকি সুবিধা পাবে। তবে উক্ত ক্রয় সংশ্লিষ্ট ওয়েজ আর্নারের মৃত্যুর পূর্বেই সংঘটিত হতে হবে।
- ✓ ওয়েজ আর্নারের মৃত্যুর পূর্বেই যদি বন্ডের মেয়াদপূর্ণ হয়, তা হলে মৃত্যু ঝুঁকি সুবিধা প্রাপ্য হবে না;
- ✓ বন্ড ধারকের মৃত্যুর ৬-মাসের মধ্যে মৃত্যু ঝুঁকি সুবিধা দাবী করতে হবে। এর পর মৃত্যু ঝুঁকি সুবিধার বিপরীতে কোন দাবী গ্রহণযোগ্য হবে না;
- ✓ মৃত্যু ঝুঁকি সুবিধার পরিমাণ টাকা ৫,০০,০০০/- এর অধিক হবে না;
- ✓ ওয়েজ আর্নারের বয়স ৫৫-বছরের অধিক হলে মৃত্যু ঝুঁকি সুবিধা প্রাপ্য হবে না।

সি.আই.পি সুবিধাঃ

- ✓ এ বন্ডে টাকা ৮০ (আশি) মিলিয়ন বা ততোধিক বিনিয়োগকারী সি.আই.পি সুবিধা প্রাপ্য হবেন; তবে নগদায়নের কারণে বিনিয়োগ টাকা ৮০ (আশি) মিলিয়ন-এর নীচে নেমে যায় এবং প্রয়োজনীয় বিনিয়োগের মাধ্যমে ৩-মাসের মধ্যে তিনি উক্ত সীমা অর্জন করতে ব্যর্থ হন, তা হলে তিনি সি.আই.পি সুবিধা হতে বঞ্চিত হবেন।

কারা ক্রয় করতে পারেঃ

- ✓ বিদেশে কর্মরত বাংলাদেশী 'ওয়েজ আর্নার[1]' নিজ নামে অথবা; আবেদনপত্রে উল্লিখিত তার মনোনীত ব্যক্তির নামে অথবা প্রেরিত বৈদেশিক মুদ্রার বেনিফিসিয়ারী[2]-এর নামে এ বন্ড ক্রয় করা যায়;
- ✓ বিদেশে লিয়েনে কর্মরত বাংলাদেশী সরকারী, সংবিধিবদ্ধ সংস্থা, স্বায়ত্বশাসিত ও আধা স্বায়ত্বশাসিত সংস্থার কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ;
- ✓ বিদেশে বাংলাদেশী দূতাবাসে কর্মরত বাংলাদেশ সরকারের কর্মকর্তা ও কর্মচারী, যারা বৈদেশিক মুদ্রায় বেতন-ভাতাদি পেয়ে থাকেন, তারা এ বন্ড ক্রয় করতে পারবেন।

[1] **ওয়েজ আর্নার** বলতে একজন বাংলাদেশী নাগরিক, যিনি লাভজনকভাবে বিদেশে বৈদেশিক মুদ্রা অর্জনে নিয়োজিত কিন্তু কোন সরকার বা সরকারী সংবিধিবদ্ধ সংস্থা, স্বায়ত্বশাসিত বা আধা-স্বায়ত্বশাসিত সংস্থা হতে বেতন-ভাতাদি প্রাপ্ত হয় না। তাছাড়া যিনি আদতে বাংলাদেশী নাগরিক কিন্তু যে কোন কারণেই হোক, বিদেশী নাগরিকত্ব গ্রহণ করেছেন।

[2] **বেনিফিসিয়ারী** বলতে একজন বাংলাদেশীকে বুঝাবে, যিনি বিদেশে কর্মরত ওয়েজ আর্নারের নিকট হতে প্রেরিত বৈদেশিক মুদ্রা প্রাপ্ত হন এবং যিনি ওয়েজ আর্নার বিনিময় হার প্রাপ্তির অধিকার লাভ করেন।

কোথায় পাওয়া যাবেঃ

- ✓ বাংলাদেশ ব্যাংক কর্তৃক তফসিলী ব্যাংকের প্রধান কার্যালয়সহ ঐ সকল শাখা, যারা ওয়েজ আর্নারদের বৈদেশিক মুদ্রা হিসাব পরিচালনা করে থাকেন;
- ✓ বিদেশস্থ বাংলাদেশী ব্যাংকসমূহ ও তাদের প্রতিনিধিত্বকারী ব্যাংকসমূহ;

ক্রয় পদ্ধতিঃ

- ✓ বাংলাদেশ ব্যাংক কর্তৃক তফসিলী ব্যাংকের অথরাইজড ডিলার (এ.ডি) শাখাসমূহে এবং বাংলাদেশী কোন ব্যাংকের বিদেশস্থ শাখা অথবা তাদের আওতাধীন বিদেশে কার্যরত এক্সচেঞ্জ কোম্পানীসমূহে বন্ড ক্রয়ের আবেদনপত্র ডি.বি-১ ফরম পুরণ ও স্বাক্ষর করে বন্ড ক্রয়ের আবেদন করা যায়।
- ✓ ওয়েজ আর্নারের আবেদনের সূত্রে অনুমতি প্রাপ্ত হয়ে, ব্যাংক ওয়েজ আর্নার কর্তৃক পরিচালিত বৈদেশিক মুদ্রা হিসাবে জমাকৃত অর্থ বিকলন করে বন্ড ইস্যু করতে পারে;
- ✓ কোন বেনিফিসিয়ারী ওয়েজ আর্নারের নিকট হতে প্রাপ্ত রেমিট্যান্সের বিপরীতে দালিলিক প্রমানাদি উপস্থাপন সাপেক্ষে বন্ড ক্রয় করতে পারেন;

মূল্য পরিশোধ পদ্ধতিঃ

- ✓ নগদ বৈদেশিক মুদ্রায় অথবা রেমিট্যান্স হিসেবে প্রাপ্ত বৈদেশিক মুদ্রা হতে রুপান্তরিত বাংলাদেশী টাকায়;
- ✓ ওয়েজ আর্নার কর্তৃক বিদেশ হতে প্রেরিত এবং তাঁর এফ.সি একাউন্টে জমাকৃত অর্থ দ্বারা অথবা;
- ✓ বৈদেশিক মুদ্রায় চেক, ড্রাফট বা প্রেরিত বৈদেশিক মুদ্রার বিপরীতে টাকা ড্রাফট-এর মাধ্যমে;

বন্ড নগদায়ন পদ্ধতিঃ

- ✓ এ বন্ডের ইস্যু অফিস[3]-ই হবে এর প্রদানকারী অফিস।
- ✓ বিদেশেস্থ ইস্যু অফিস থেকে বন্ড ক্রয় করা হলে সেখান থেকে নগদায়ন করা যায় না।
- ✓ বিদেশ থেকে বন্ড ক্রয়ের ক্ষেত্রে ক্রেতাকে আবেদনপত্রে বাংলাদেশে প্রদানকারী অফিসের নাম উল্লেখ করতে হয়।

নমিনী সংক্রান্তঃ

- ✓ বন্ড ধারকের মৃত্যু হলে নমিনী বন্ডের মূল্য, সুদ এবং মৃত্যুঝুঁকি সুবিধা গ্রহণ করতে পারবে;
- ✓ বেনিফিসিয়ারী কর্তৃক ক্রয়কৃত বন্ডে একই পদ্ধতিতে নমিনী নিয়োগ করা যাবে;
- ✓ প্রতি সনদের জন্য একজনের অধিক নমিনী প্রদান করা যাবে না;
- ✓ বন্ড ধারকের মৃত্যুর পূর্বে নমিনীর মৃত্যু হলে, নমিনীর কার্যকারিতা থাকবে না;
- ✓ নমিনী বাতিল বা পরিবর্তন করা যাবে;
- ✓ বন্ড ধারকের মৃত্যুর পূর্বেই যদি নমিনীর মৃত্যু ঘটে, তবে মৃত বন্ড ধারকের উত্তোরাধিকারীগণ বন্ডের মেয়াদপূর্তিতে মূল্য ও মুনাফা প্রাপ্য হবেন;
- ✓ উত্তোরাধিকারীগণ শুধুমাত্র মেয়াদপূর্তিতে মূল্য ও মুনাফা গ্রহণ করতে পারবেন;

[3] **ইস্যু অফিস** বলতে-বাংলাদেশের তফসিলী বাংকের প্রধান কার্যালয়সহ ঐ সকল শাখা, যারা ওয়েজ আর্নারদের বৈদেশিক মুদ্রা হিসাব পরিচালনা করে থাকে;বিদেশস্থ বাংলাদেশী ব্যাংকসমূহ ও তাদের প্রতিনিধিত্বকারী ব্যাংকসমূহ এবং বাংলাদেশী কোন ব্যাংকের আওতাধীন বিদেশে কার্যরত এক্সচেঞ্জ কোম্পানীসমূহ।

অন্যান্য বৈশিষ্টসমূহঃ

- ✓ এ বন্ডের আসল অংক স্বয়ংক্রিয়ভাবে পুনঃবিনিয়োগযোগ্য;
- ✓ ৪০% থেকে ৫০% পর্যন্ত মৃত্যু-ঝুঁকির সুবিধা রয়েছে;
- ✓ ষান্মাসিকভিত্তিতে মুনাফা প্রদেয়;
- ✓ বন্ডের বিপরীতে বাংলাদেশ থেকে ঋণ গ্রহণের সুবিধা রয়েছে;
- ✓ হারিয়ে গেলে, পুড়ে গেলে বা নষ্ট হলে ডুপ্লিকেট বন্ড ইস্যুর সুযোগ রয়েছে।
- ✓ আট কোটি টাকা বা তদুর্ধ্ব বাংলাদেশি মুদ্রা বিনিয়োগকারীর জন্য সি. আই.পি (C.I.P) সুবিধা রয়েছে;
- ✓ এফসি একাউন্ট থাকার কোন বাধ্যবাধকতা নেই।
- ✓ এ বন্ডে বিনিয়োগের কোন উর্ধ্বসীমা নেই।
- ✓ এ বন্ডে বিনিয়োগকৃত মূল অংক বৈদেশিক মুদ্রায় বিদেশে প্রত্যাবাসিত করা যাবে;
- ✓ বন্ডের বিপরীতে প্রাপ্র মূল অংক, মুনাফা এবং মৃত্যু ঝুঁকি সুবিধা ইত্যাদি বাংলাদেশে এবং কেবলমাত্র বাংলাদেশী মুদ্রায় প্রদেয়;
- ✓ ওয়েজ আর্নার ডেভেলপমেন্ট বন্ড-এ বিনিয়োগকৃত এবং অর্জিত মুনাফা আয়করমুক্ত;
- ✓ বন্ডের একটি এককের ক্ষেত্রে একজনের বেশী ধারক ও নমিনীর মনোনয়ন দেয়া যাবে না;
- ✓ অসুস্থতাজনিত কারনে বন্ড ধারক স্বাক্ষর করতে অপারগ হলে এবং একজন গেজেটেড অফিসার কর্তৃক তার বাম হাতের বৃদ্ধাঙ্গুলির ছাপ প্রত্যয়ন করা হলে প্রদানকারী অফিসার কর্তৃক সরেজমিন যাচাইয়ান্তে , বন্ড উপস্থাপনকারীর পরিচয় ও উপস্থাপিত বন্ডের সঠিকতা সম্পর্কে নিশ্চিত হয়ে বন্ড ধারকের হাতে ছাপ গ্রহন করে মেয়াদপূর্তি মূল্য অথবা সুদ পরিশোধ করবে।
- ✓ বন্ডের ক্রেতা শরিরীকভাবে পঙ্গু, স্বাক্ষর প্রদানে সম্পূর্ণ অক্ষম হলে এবং এর পক্ষে মেডিক্যাল সার্টিফিকেট প্রদান করা হলে প্রদানকারী অফিসার কর্তৃক যাচাইয়ান্তে, বন্ড উপস্থাপনকারীর পরিচয় ও উপস্থাপিত বন্ডের সঠিকতা সম্পর্কে নিশ্চিত হয়ে উক্ত বন্ডের মেয়াদপূর্তি মূল্য অথবা সুদ নমিনী অথবা উত্তরাধিকারীকে পরিশোধ করবে।

-o-

ইউ.এস ডলার প্রিমিয়াম বন্ড
প্রবর্তণঃ ২০০২
মেয়াদঃ ৩ বছর

মূল্যমানঃ

মার্কিন ডলার ৫০০; মার্কিন ডলার ১,০০০; মার্কিন ডলার ৫,০০০; মার্কিন ডলার ১০,০০০ এবং মার্কিন ডলার ৫০,০০০।

বন্ড ক্রয়ের যোগ্যতাঃ

- ✓ অনিবাসী হিসাবধারী (Non-resident account holder) এর নামে বন্ড ইস্যু করা যাবে; যার হিসাবে বিদেশ থেকে রেমিটেন্স প্রাপ্ত হয়। অথবা
- ✓ অনিবাসী হিসাবে জমাকৃত রেমিট্যান্স এর বিপরীতে ফরেন কারেন্সী হিসাবের ধারকের **(অনিবাসী হিসাব ধারক [4])** নামে বন্ড ইস্যু করা যাবে।

মুনাফাঃ

মেয়াদান্তে মুনাফা ৭.৫০%। বন্ড ধারকগণ ৭.৫০% হারে প্রত্যেক বছরে ষান্মাসিকভিত্তিতে সরল সুদে মুনাফা উত্তোলন করতে পারবে। তবে মেয়াদ উত্তীর্ণ হওয়ার আগে বন্ড নগদায়ন করলে নিম্নবর্ণিত হারে মুনাফা প্রাপ্য হবে।

নগদায়নের সময়সীমা	প্রদেয় সুদের হার
ইস্যুর তারিখ হতে ১ (এক) বছর পূর্ণ হওয়ার আগে	কোন মুনাফা প্রাপ্য হবে না।
১ (এক) বছর পূর্ণ হওয়ার পরে কিন্তু ২ (দুই) বছরের আগে	৬.৫০%
2 (দুই) বছর পূর্ণ হওয়ার পরে কিন্তু ৩ (তিন) বছরের আগে	৭.০০%
৩ (তিন) বছর পূর্ণ হওয়ার পর	৭.৫০%

মৃত্যু ঝুঁকি সুবিধাঃ

- ✓ প্রাথমিক ন্যূনতম বিনিয়োগ ১০ হাজার মার্কিন ডলার মূল্যের বন্ড ক্রয় করলে এবং ধারাবাহিকভাবে মৃত্যু পর্যন্ত বিনিয়োগ বৃদ্ধি করেন, তাহলে মৃত্যু ঝুঁকি সুবিধা প্রাপ্য হবেন;
- ✓ ধারকের মৃত্যুর পূর্বেই যদি বন্ডের মেয়াদপূর্ণ হয়, তাহলে মৃত্যু ঝুঁকি সুবিধা প্রাপ্য হবে না;
- ✓ বন্ড ধারকের মৃত্যুর ৩-মাসের মধ্যে মৃত্যু ঝুঁকি সুবিধা দাবী করতে হবে। 3-মাস পর মৃত্যু ঝুঁকি সুবিধার বিপরীতে কোন দাবী গ্রহণযোগ্য হবে না;
- ✓ বন্ডের মেয়াদপুর্তির পূর্বে বন্ড ধারকের মৃত্যু হলে ক্রয়কৃত বন্ডের ১৫%-২৫% পর্যন্ত মৃত্যু ঝুঁকি সুবিধা পাওয়া যাবে। তবে মৃত্যু ঝুঁকি সুবিধার এই অংক ২০,০০,০০০/- টাকার অধিক হবে না এবং ক্রেতার বয়স মৃত্যুকালে ৫৫ বছর অতিক্রম করবে না।
- ✓ মৃত্যু ঝুঁকি সুবিধার দাবী নমিনী বা উত্তরাধীকারীগণ দেশে বাংলাদেশী মুদ্রায় অথবা সমমূল্যে বৈদেশিক মুদ্রায় বিদেশে প্রদানযোগ্য।

সি.আই.পি সুবিধাঃ

- ✓ এ বন্ডে টাকা 1 (এক) মিলিয়ন বা তধুর্দ্ধ অংকের মার্কিন ডলার বিনিয়োগকারী সি.আই.পি সুবিধা প্রাপ্য হবেন; তবে নগদায়নের কারণে বিনিয়োগ ১ (এক) মিলিয়ন ডলার-এর নীচে নেমে যায় এবং প্রয়োজনীয়

[4] **'অনিবাসী হিসাব ধারক (Non-resident account holder)'** বলতে প্রবাসী বাংলাদেশী অথবা বাংলাদেশী বংশোদ্ভত বিদেশী নাগরিক, যার বাংলাদেশে অবস্থিত বৈদেশিক বানিজ্য পরিচালনার অনুমতিপ্রাপ্ত ব্যাংক শাখায় 'অনিবাসী বৈদেশিক মুদ্রা হিসাব' রয়েছে।

বিনিয়োগের মাধ্যমে ৩-মাসের মধ্যে তিনি উক্ত সীমা অর্জন করতে ব্যর্থ হন, তা হলে তিনি সি.আই.পি সুবিধা হতে বঞ্চিত হবেন।

কোথায় পাওয়া যাবেঃ

- ✓ বাংলাদেশের সকল তফসিলী ব্যাংকের অথরাইজড ডিলার (এডি) শাখা;
- ✓ বিদেশস্থ বাংলাদেশী ব্যাংকসমূহ ও তাদের প্রতিনিধিত্বকারী ব্যাংকসমূহ;
- ✓ বিদেশে কার্যরত বাংলাদেশী ব্যাংকসমূহের আওতাধীন এক্সচেঞ্জ কোম্পানীর মাধ্যমে এ বন্ড ক্রয় করা যাবে;

ক্রয় পদ্ধতিঃ

- ✓ বাংলাদেশের তফসিলী ব্যাংকের অথরাইজড ডিলার (এ.ডি) শাখাসমূহে এবং বাংলাদেশী কোন ব্যাংকের বিদেশস্থ শাখা অথবা তাদের আওতাধীন বিদেশে কার্যরত এক্সচেঞ্জ কোম্পানীসমূহে বন্ড ক্রয়ের আবেদনপত্র ডি.পি.বি-১ ফরম পূরণ ও স্বাক্ষর করে বন্ড ক্রয়ের আবেদন করা যায়; যা ইস্যু অফিস হতে বিনামূল্যে সংগ্রহ করা যাবে;
- ✓ ইস্যু অফিস ক্রেতা এবং আবেদনপত্রের সাথে যে বৈদেশিক মুদ্রা দাখিল করবেন, তার যথার্থতা সর্ম্পকে নিশ্চিত হবে;
- ✓ ক্রেতা কর্তৃক পরিচালিত বৈদেশিক মুদ্রা হিসাবে জমাকৃত অর্থ বিকলন করে বন্ড ইস্যু করবে;

মূল্য পরিশোধ পদ্ধতিঃ

- ✓ বৈদেশিক মুদ্রায় চেক বা ড্রাফট যাহা বৈদেশিক মুদ্রা রেমিট্যান্স এর বিপরীতে ইস্যু হইয়াছে;
- ✓ অনিবাসী বৈদেশীক মুদ্রা হিসাব-এ আবেদনকারী কর্তৃক জমাকৃত অর্থ দ্বারা;

বন্ড নগদায়ন পদ্ধতিঃ

